



স্মারক নং: নোবিপ্রবি/বিএমএস/এমএসএস ভর্তি-৩/২৪/

তারিখ: ৩০ অগ্রহায়ণ ১৪৩১

১৫ ডিসেম্বর ২০২৪

### ২০২২-২৩ স্নাতকোত্তর (মাস্টার্স) শিক্ষাবর্ষের ভর্তি বিজ্ঞপ্তি

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের বাংলাদেশ ও মুক্তিযুদ্ধ স্টাডিজ বিভাগের ২০২২-২৩ শিক্ষাবর্ষে স্নাতকোত্তর (মাস্টার্স) (Master of Social Science in Political Science) এ ভর্তির জন্য দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। ভর্তিছু ছাত্র/ছাত্রীদের অফিস চলাকালীন বিভাগীয় অফিস থেকে আগামী ১৮ ডিসেম্বর ২০২৪ তারিখ থেকে ১২ জানুয়ারি ২০২৫ তারিখের মধ্যে আবেদন ফরম সংগ্রহ ও জমা দিতে হবে। আবেদন ফরমের মূল্য ১২০০/- (এক হাজার দুইশত) টাকা। ভর্তি কমিটি কর্তৃক নির্ধারিত সময়ে ভর্তির তালিকা প্রকাশ করা হবে। ভর্তির সময় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত ফি জমা দিতে হবে।


ডিগ্রি: এমএসএস ইন পলিটিক্যাল সাইন্স

ভর্তির যোগ্যতা:

- ১। প্রার্থীকে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় অথবা অন্য যে কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ইনস্টিটিউট থেকে সংশ্লিষ্ট বিষয়ে (রাষ্ট্রবিজ্ঞান, আন্তর্জাতিক সম্পর্ক এবং পিস এন্ড কনফ্লিক্ট স্টাডিজ) স্নাতক (সম্মান) ডিগ্রিধারী হতে হবে। যাদের স্নাতক (সম্মান) শ্রেণির শিক্ষাবর্ষ ২০১৮-১৯ অথবা ২০১৯-২০, শুধুমাত্র তারাই আবেদন করতে পারবেন।
- ২। অভ্যন্তরীণ প্রার্থীর ক্ষেত্রে স্নাতক (সম্মান) পর্যায়ে ন্যূনতম সিজিপিএ ২.৫০ থাকতে হবে এবং বহিস্থ প্রার্থীর ক্ষেত্রে স্নাতক (সম্মান) পর্যায়ে সিজিপিএ ৩.০০ থাকতে হবে।
- ৩। অভ্যন্তরীণ প্রার্থীর ক্ষেত্রে মৌখিক পরীক্ষায় এবং বহিস্থ প্রার্থীর ক্ষেত্রে লিখিত ও মৌখিক উভয় পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।
- ৪। অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত করতে হবে

- ১। শিক্ষাগত যোগ্যতার সকল পরীক্ষার ট্রান্সক্রিপ্ট/মার্কশিট এবং সার্টিফিকেট এর সত্যায়িত কপি।
- ২। সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/বিভাগীয় প্রধান কর্তৃক প্রত্যয়ন পত্র।
- ৩। ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত সাম্প্রতিক ছবি।
- ৪। চাকুরিরত প্রার্থীকে নিজ নিজ নিয়োগকর্তার নিকট হতে অধ্যয়নকালীন সময়ে ক্লাশে যোগদান ও শিক্ষা কার্যক্রম যথারীতি সম্পাদনের জন্য দুই সেমিস্টার ব্যাপী সময়কাল অর্থাৎ ১২ (বারো) মাসের ছুটি প্রদান করা হবে এই মর্মে প্রত্যয়নপত্র/অফিস আদেশ সংযোজন করতে হবে।
- ৫। ভর্তি ফরম ক্রয়ের রসিদ (মানি রিসিট) এর ফটোকপি সংযুক্ত করতে হবে।



অধ্যাপক ড. দিব্যদ্যুতি সরকার

চেয়ারম্যান

বাংলাদেশ ও মুক্তিযুদ্ধ স্টাডিজ বিভাগ  
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

অনুলিপি:

- ১। ডিন, সামাজিক বিজ্ঞান ও মানবিক অনুষদ, নোবিপ্রবি।
- ২। রেজিস্ট্রার, নোবিপ্রবি।
- ৩। হিসাব পরিচালক (ভারপ্রাপ্ত), নোবিপ্রবি।
- ৪। পরিচালক (ভারপ্রাপ্ত), জনসংযোগ ও প্রকাশনা দপ্তর, নোবিপ্রবি (প্রকাশ ও প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৫। পরিচালক, সাইবার সেন্টার, নোবিপ্রবি (বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৬। উপাচার্য মহোদয়ের একান্ত সচিব, নোবিপ্রবি।
- ৭। অফিস নথি।